# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়
৫৩,মহাখালি,বা/এ,ঢাকা-১২১২
www.bia.gov.bd

নম্বর:-৫৩.২১.০০০.০০৩.০০২.২০২৩/২ | তারিখ: ২৭ ডিসেম্বর,২০২৩ইং

# নোটিশ

অফিস আদেশ নং-বাইএ/প্রশা/৩৭/৩৩৬/২০২২/১৭৭,তারিখ-৩১/১০/২০২২ইং মোতাবেক গঠিত **"তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি"** এর সভাপতির মহোদয়ের সম্মতিক্রমে সকল সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য ও প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহ বাস্তবায়নের অংশ হিসেবে অগ্রগতি সংক্রান্ত একটি সভা আগামী **২৭ ডিসেম্বর ২০২৩ইং** তারিখ রোজ বুধবার বেলা ০২ (দুই) ঘটিকায় তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভাপতির মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(এম.মিরাজ হোসেন)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**আলোচ্য বিষয়:**

১. জাতীয় তথ্য ও প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহ বাস্তবায়নের অগ্রগতির (ত্রৈমাসিক, ২য় কোয়ার্টার-২০২৩-২০২৪) সংক্রান্ত।
২. বিবিধ ।

**বিতরণ:**

১. পরিচালক মহোদয় (সদয় অবগতির জন্য)
২. অনুষদ সদস্য গ্রেড-১ (সদয় অবগতির জন্য)
৩. সভাপতি।
৪. সকল সদস্যবৃন্দ।
৫. সংশ্লিষ্ট অফিস নথি।

# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়
৫৩,মহাখালি,বা/এ,ঢাকা-১২১২
www.bia.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শফিউল করিম খান<br>সচিব<br>বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি |
| সভার তারিখ | : | ২৭ ডিসেম্বর,২০২৩ ইং |
| সভার সময় | : | ০২ (দুই) ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ (৪র্থ তলা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির এর ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নির্দেশনা অনুযায়ী তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর-২০২৩খ্রিঃ) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। এ পরিকল্পনার অধীনে বিভিন্ন কার্যক্রম এবং সংশ্লিষ্ট কর্মসম্পাদনের নির্ধারিত সূচকসমূহ যথা-নির্ধারিত সময়ে তথ্য প্রদান, ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরী, প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণ আয়োজন বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। কমিটি পর্যায়ক্রমে সচকসমূহের অগ্রগতি পর্যালোচনা করে।

অতপর, সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | যাচিত সময়ে দেশের কোন নাগরিকের নিকট হতে এ সংক্রান্ত বিষয়ে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া যায়নি। পাওয়া গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মিরাজ হোসেন পিআরও. এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব রায়হানুল আবেদিন.ইন্সট্রাক্টর.নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন। **সিদ্ধান্ত:** *তথ্য চেয়ে আবেদন পাওয়া গেলে নিষ্পত্তি সম্পর্কিত তথ্য প্রতিবেদন এবং কোন আবেদন পাওয়া না গেলে শূণ্য প্রতিবেদন এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে।* | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ০২ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | একাডেমির বিভিন্ন বিভাগের চাহিদাপত্র অনুযায়ী আইসিটি বিভাগ হতে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা অব্যাহত রাখা। **সিদ্ধান্ত:** *এ বিষয়ে আইটি বিভাগের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য (যদি থাকে) হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করে অচিরেই তা ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর-২০২৩খ্রিঃ) মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে।* | আইটি বিভাগ |
| ০৩ | বার্ষিক প্রতিবেদন প্রকাশ | একাডেমির ২০২৩-২৪ সনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হবে। তারপর একাডেমির ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে চূড়ান্ত করা করা হবে। **সিদ্ধান্ত:** *বার্ষিক প্রতিবেদনটি চূড়ান্ত করা হলে একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করবে* | প্রশাসন ও জনসংযোগ বিভাগ |
| ০৪ | তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ওইনডেক্সে তৈরী/ হালনাগাদকরণ | কমিটি অবগত হয় একাডেমির যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করে হালনাগাদ করা হবে এবং তালিকাটি একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশের ব্যবস্থা করতে হবে। **সিদ্ধান্ত:** *চূড়ান্তভাবে প্রস্তুতকরে তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ আইটি বিভাগ কর্তৃক একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করে করতে হবে।* | প্রশাসন, প্রশিক্ষণ ও জনসংযোগ বিভাগ |
| ০৫ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | বৃদ্ধিকরণের বিষয় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণকল্পে একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে। এছাড়াও তথ্য কমিশনের শ্লোগান ক্যালেন্ডার, ডায়েরীতে প্রকাশসহ পত্র পত্রিকায় বিজ্ঞাপন ও লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। **সিদ্ধান্ত:** *প্রশাসন ও জনসংযোগ বিভাগ হতে লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা করে একাডেমির ওয়েবসাইটের আপলোড করা।* | প্রশাসন, প্রশিক্ষণ ও জনসংযোগ বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে প্রশিক্ষণ আয়োজন করা। প্রশিক্ষণ কোর্সের যাবতীয় তথ্য একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে।<br>**সিদ্ধান্ত:** *প্রশিক্ষণ কোর্সের যাবতীয় তথ্য প্রশিক্ষণ প্রতিবেদন সংগ্রহ করে সকল তথ্য একাডেমির ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে।* | প্রশাসন ও প্রশিক্ষণ বিভাগ |

পরিশেষে, সভায় আর কোন বিষয়বস্তু না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: শফিউল করিম খান)
সচিব
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

মোঃ শফিউল করিম খান
সচিব
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
৫৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২।

# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়
৫৩,মহাখালি,বা/এ,ঢাকা-১২১২
www.bia.gov.bd

তারিখ ২৭/১২/২০২৩ ইং

বিষয়ঃ ২০২৩-২৪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর বাস্তবায়নে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর- ২০২৩) সভার উপস্থিতির তালিকা:

সভাপতি: জনাব মো: শফিউল করিম খান, সচিব, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: শফিউল করিম খান<br>সচিব | সভাপ্রতি | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব মোঃ রায়হানুল আবেদীন<br>ইন্সট্রাক্টর | সদস্য<br>(বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) | স্বাক্ষরিত/- |
| ০৩ | জনাব এম. মিরাজ হোসেন<br>জনসংযোগ ও প্রকাশনা কর্মকর্তা | সদস্য-সচিব<br>(দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) | স্বাক্ষরিত/- |

মোঃ শফিউল করিম খান
সচিব
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
৫৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২